



ইসলামের শান্তির শিক্ষাকে ছড়িয়ে দিতে

আহমদীয়া মুসলিম জামা'তের প্রধানের 'ভয়েস অব ইসলাম' রেডিও উদ্বোধন

বেতারযোগে অনুপ্রেরণীয় ও ঐতিহাসিক ভাষণের মাধ্যমে রেডিও স্টেশনের উদ্বোধন করলেন
হযরত মির্যা মসরুর আহমদ (আই.)



আহমদীয়া মুসলিম জামা'ত আনন্দের সাথে জানাচ্ছে যে, গত ৭ই ফেব্রুয়ারী ২০১৬, আহমদীয়া মুসলিম জামা'ত প্রধান হযরত মির্যা মসরুর আহমদ (আই.) একটি নতুন রেডিও স্টেশন “ভয়েস অব ইসলাম” এর উদ্বোধন করেন।



রেডিও স্টেশনটি দক্ষিণ পশ্চিম লন্ডনে অবস্থিত বাইতুল ফুতুহ মসজিদে স্থাপিত স্টুডিও থেকে দৈনিক সম্প্রচার করবে এবং সমসাময়িক ঘটনাবলীর প্রেক্ষাপটে ইসলামের দৃষ্টিকোণ থেকে সংবাদ, আলোচনা ও অন্তর্দৃষ্টিমূলক অনুষ্ঠানমালা প্রচার করবে এবং ইসলামের সত্য ও শান্তিপূর্ণ শিক্ষা উপস্থাপন করবে।

হযরত মির্যা মসরুর আহমদ (আই.) নিজ হাতে স্মৃতিফলক উন্মোচনের মাধ্যমে রেডিও স্টেশনটি উদ্বোধন করেন এবং মহান আল্লাহতা'আলার কাছে শুকরিয়া আদায় করে দোয়া পরিচালনা করেন।



“ভয়েস অব ইসলাম” এ সরাসরি সম্প্রচারিত হযরত মির্যা মসরুর আহমদ (আই.)-এর বিশেষ উদ্বোধনী বাণীতে হযরত মির্যা মসরুর আহমদ (আই.) ২৪ ঘণ্টার এ নতুন রেডিও চ্যানেলটির উদ্দেশ্য সম্পর্কে আলোকপাত করেন।

হযরত মির্যা মসরুর আহমদ (আই.) বলেন:

“ভয়েস অব ইসলামের উদ্দেশ্য হল জনগণকে ইসলামের সত্যিকারের শিক্ষা সম্পর্কে অবগত করা ও এটা সম্পূর্ণরূপে পরিষ্কার করা যে ইসলামের শিক্ষা সকল যুগের ও সকল মানুষের চাহিদার সাথে মানানসই ও সম্পর্কযুক্ত। আল্লাহ তা'আলা চাহেন তো, এই রেডিও স্টেশনের শ্রোতারা এটি অনুধাবন করবে যে, ইসলামের শিক্ষা সমগ্র মানবজাতির তরে শান্তি, ভালবাসা ও সৌহার্দ্যের বার্তা বহন করে।”



হযরত মির্যা মসরুর আহমদ (আই.) বলেন যে, “ভয়েস অব ইসলাম” ইসলামী শিক্ষা অনুযায়ী “মানবতার একটি বার্তা” প্রচার করবে।

এই বিষয়ে সম্মানিত ছয়র আহমদীয়া মুসলিম জামা'তের প্রতিষ্ঠাতা হযরত মির্যা গোলাম আহমদ কাদিয়ানী (আ.) এর একটি উদ্ধৃতি দেন যেখানে তিনি বলেন,

“সর্বদা মনে রেখো আমি ভালোবাসা ও সৌহার্দ্যের পরিসর সর্বাধিক বিস্তৃত মনে করি এবং কোন ব্যক্তি ও দেশকে পৃথক করিনা। আজকের অজ্ঞ মানুষদের মতো আমি এ কথা বলি না যে, শুধু মুসলিমদের মাঝেই তোমাদের ভালোবাসা সীমিত রাখো। অবশ্যই না, বরং আমি এই বলি যে, তোমরা অবশ্যই আল্লাহ তা'আলার সকল সৃষ্টি কে ভালোবাসো ও তাদের প্রতি সৌহার্দ্য প্রদর্শন করো, তা সে হিন্দু, মুসলিম অথবা অন্য যেই হোক। আমি কখনই এটা পছন্দ করিনা যখন কেউ শুধুমাত্র তার নিজেদের লোকের প্রতি দয়া ও ভালবাসা প্রদর্শন করে। তাই আমি তোমাদের বারবার সাবধান করছি যেন তোমরা তোমাদের সৌহার্দ্যের পরিসর ছোট না করো।”

হযরত মির্যা মসরুর আহমদ (আই.) ইসলামে মানব সেবার গুরুত্ব সম্পর্কে হযরত মসীহ মাওউদ (আ.)-এর আরও একটি উদ্ধৃতি তুলে ধরেন।



মসীহ মাওউদ (আ.) বলেন,

“নিশ্চিতভাবে তোমরা ততোক্ষণ পর্যন্ত সত্যিকারের খোদাতীরুতা অর্জন করতে পারবেনা যতক্ষণ না তোমরা তোমাদের পছন্দের ও মূল্যবান সম্পদ থেকে মানবের কল্যাণে খরচ করো। তোমরা অবশ্যই গরীব ও বঞ্চিতদের হক পূরণ করবে এবং অবশ্যই যারা দুর্বল তাদের ভালোবাসবে ও সহায়তা করবে এবং সকল প্রকারের মন্দ ও অপচয় থেকে দূরে থাকবে।”

আহমদীয়া মুসলিম জামা'তের প্রধান বলেন যে, নতুন রেডিও স্টেশনটি এটি প্রমাণ করবে যে, মুসলিমরা তাদের ধর্মীয় বিশ্বাস ও পরিচয় ঠিক রেখেও সফলতার সাথে পশ্চিমা সমাজে সফলতার সাথে সমন্বিত হতে পারে।

হযরত মির্যা মসরুর আহমদ (আই.) বলেন,

“ভয়েস অফ ইসলাম এই বিষয়টি পরিষ্কার করবে যে, ইসলাম একটি ধর্ম যা কিনা সকল দেশের, সকল যুগের সকল মুসলিমদের তাদের সমাজের বিভিন্ন ও গোষ্ঠীর সাথে মিলিত হওয়ার শিক্ষা দেয় যাতে করে তারা মানব জাতিকে শান্তির দিকে একত্রিত করতে পারে ও তাদের দেশের উন্নতি ও সমৃদ্ধিতে সহায়তা করতে পারে। অবশ্যই, ইসলাম হল সেই ধর্ম যা কিনা এর ধর্মীয় শিক্ষা ও ঐতিহ্যের ভিত্তিতে, মুসলমানদের তাদের স্থানীয় সমাজে সর্বোত্তমভাবে সমন্বিত হতে আহ্বান জানায়।

হুযূর (আই.) তার বক্তব্য শেষে দোয়া করেন:

“আল্লাহ্ তা‘আলা ভয়েস ওব ইসলাম রেডিও স্টেশনের প্রতিটা ক্ষেত্রে রহমত বর্ষণ করুন এবং একে ইসলামের সত্য ও শান্তিপূর্ণ শিক্ষা প্রচারে এর উদ্দেশ্য পূরণে সহায়তা করুন”।

রেডিও স্টেশনটি প্রাঞ্জল দৈনিক টক শো, প্রামাণ্যচিত্র, বিতর্ক ও চলতি ঘটনাবলীর উপর অনুষ্ঠানমালা প্রচার করবে যা শ্রোতাদের অবহিত করবে এবং ধর্মীয় ও ধর্মনিরপেক্ষ বিভিন্ন বিষয়ে শ্রোতাদেরকে তাদের মতামত জানানোর সুযোগ করে দিবে।

www.voiceofislam.co.uk তে অথবা DAB Radio তে ‘ভয়েস অফ ইসলাম’, শোনা যাবে।